**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date : 25-05-2025**
**Time: 07.35-07.40 AM Hrs**
**BENGALI MORNING BULLETIN**

---

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সকাল ১১টায় আকাশবাণীর মন-কি বাত অনুষ্ঠানে দেশ বিদেশের জনগনের সাথে মত বিনিময় করবেন। এটি হল মন-কি-বাত অনুষ্ঠানের ১২২ তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে। এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

**********************

**P.M on NITI AYOG:**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী রাজ্যগুলোকে অনুরোধ করেছেন যে প্রতিটি রাজ্যে অন্তত একটি পর্যটন কেন্দ্র এমন ভাবে তৈরি করা হোক যা হবে আন্তর্জাতিক মানের সঙ্গে সঙ্গতিপূর্ণ, যেখানে পর্যটকদের জন্য সকল সুবিধা ও পরিকাঠামো থাকবে। গতকাল নতুন দিল্লিতে নীতি আয়োগের দশম গভর্নিং কাউন্সিল বৈঠকে সভাপতিত্ব করে একথা বলেন তিনি। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী 'এক রাজ্য: এক বৈশ্বিক গন্তব্য' এই ধারণার উপরও গুরুত্ব দিয়েছেন। তিনি উল্লেখ করেন যে এই উদ্যোগটি শুধুমাত্র পর্যটন বৃদ্ধিতেই সহায়তা করবে না, বরং আশেপাশের শহরগুলোর বিকাশও পর্যটন স্থান হিসেবে গড়ে তুলতে সহায়তা করবে । প্রধানমন্ত্রী এসব উদ্যোগে মহিলাদের আরও বেশি ভাবে অন্তর্ভুক্ত করার উপর জোর দেন।

**********************

**NITI AYoG C.M:**

নীতি আয়োগের বৈঠকে মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, উন্নত এবং শ্রেষ্ঠ ত্রিপুরা গঠন করার লক্ষ্যে ত্রিপুরা সরকার একটি কৌশলগত রোডম্যাপ তৈরী করেছে। গত ১ বছর ধরে নীতিআয়োগ, উত্তর পূর্বাঞ্চল উন্নয়ন মন্ত্রক, শিক্ষা প্রতিষ্ঠান, বিশেষজ্ঞ পরামর্শদাতা, শিল্প এবং বাণিজ্যের ক্ষেত্রে যুক্ত বিশিষ্ট ব্যক্তিগণ, প্রতিথযশা নাগরিক ও আধিকারিকদের সঙ্গে নিবিড় আলোচনার পর এই রোডম্যাপটি তৈরি করা হয়েছে।

মুখ্যমন্ত্রী বলেন, ত্রিপুরায় ৯টি বিশেষ ক্ষেত্রকে চিহ্নিত করা হয়েছে যেগুলির মাধ্যমে আগামী দুই দশকে প্রতি বছর ১২ শতাংশ হারে বৃদ্ধি ঘটবে বলে আশা করা হচ্ছে। এগুলি হচ্ছে শক্তিশালী কৃষিক্ষেত্র, উচ্চ স্বাক্ষরতার হার, সমৃদ্ধ পর্যটন ক্ষেত্র, প্রাকৃতিক সম্পদের প্রাচুর্য, বনভিত্তিক অর্থনীতি, উন্নত পরিকাঠামো, কৌশলগত অবস্থান, প্রসারিত কর ভিত্তি এবং বিদ্যুৎ উদ্বৃত্ত রাজ্য। আজ দিল্লিতে বিজেপি শাসিত রাজ্য এবং NDA মুখ্যমন্ত্রীরা চিন্তন বৈঠকে মিলিত হবেন।

**********************

**Opps Sindoor NITI Ayog:**

সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলসমূহ গতকাল নীতি আয়োগের গভর্নিং কাউন্সিলের বৈঠকে, অপারেশন সিঁদুরে সেনাবাহিনীর বীরত্ব ও সাফল্যের প্রতি একমত পোষন করে সংহতি ও সমর্থন প্রকাশ করেছে। সংবাদ মাধ্যমের কাছে ব্রিফিংয়ের সময় নীতি আয়োগের সিইও – BVR সুব্রমন্যাম বলেন, পহালগামে যা ঘটেছিল তার ওপর ক্ষোভ রয়েছে এবং সবাই প্রতিরক্ষা বাহিনীর ভূমিকা ও সাহস এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির নেতৃত্বের প্রশংসা করেছেন। তিনি বলেন, সভায় প্রধানমন্ত্রী জোর দেন যে বিকশিত ভারত অর্জনে টিম ইন্ডিয়ার শক্তির প্রয়োজন হবে যা অপারেশন সিঁদুরের সময় দেখা গেছে।

***********************

**CEC Conference:**

মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার গতকাল নয়াদিল্লিতে ভারতের নির্বাচন কমিশন আয়োজিত আইনজীবীদের জাতীয় সম্মেলনের উদ্বোধন করেন। সুপ্রিম কোর্টের সিনিয়র আইনজীবী এবং দেশের বিভিন্ন বেঞ্চের২৮ টি উচ্চ আদালতের পাশাপাশি সকল রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের ৩৬ জন সিইও এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

নির্বাচন কমিশনের আইনগত কাঠামোকে শক্তিশালী করা এবং পুনর্নির্দেশিত করা, নতুন নতুন  চ্যালেঞ্জগুলোকে আরও কার্যকরভাবে মোকাবেলা করার জন্য সহযোগিতা অর্জনের  উদ্দেশ্যে এই সম্মেলনের আয়োজন করা হয়।

***********************

**Khelo India :**

রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু আজ সকালে আগরতলার উজ্জয়ন্ত প্রসাদ প্রাঙ্গনে স্পোর্টস অথরিটি অব ইন্ডিয়া (সাই)-র উদ্যোগে 'সানডেস অন সাইকেল' ইভেন্ট-এর সূচনা করেন। খেলো ইন্ডিয়া প্রকল্পের অন্তর্গত ফিট ইন্ডিয়া মুভমেন্টের অঙ্গ হিসেবে এই ইভেন্ট অনুষ্ঠিত হচ্ছে। এই সাইকেল ইভেন্ট গান্ধীগ্রামের অক্সিজেন পার্কে গিয়ে শেষ হবে। অনুষ্ঠানে রাজ্যপাল ইন্দ্রসেনা রেড্ডি নাল্লু সুস্থতা ও মানসিক স্বাস্থ্য রক্ষায় খেলাধুলা ও শরীরচর্চার উপর গুরুত্ব দেন। অনুষ্ঠানে ক্রীড়ামন্ত্রী টিংকু রায়ও উপস্থিত ছিলেন।

***********************

**Natural Calamity :**

ঊনকোটি জেলায় আসন্ন বর্ষা মরশুমে সম্ভাব্য প্রাকৃতিক বিপর্যয় মোকাবিলায় আগাম সতকর্তামূলক ব্যবস্থা গ্রহণ করেছে প্রশাসন। ইতিমধ্যেই জাতীয় বিপর্যয় মোকাবিলা বাহিনীর প্রথম ব্যাটেলিয়নের ৩০ সদস্যক টিম ঊনকোটি জেলাতে এসেছে। মোট ১৬ দশমিক আট কিলোমিটার দৈর্ঘ্যের বন্যা

নিরোধক বাঁধের উচ্চতা বৃদ্ধি করা হচ্ছে। এর জন্য ব্যয় হবে প্রায় ১৮ কোটি টাকা। ঊনকোটি জেলার জেলাশাসক দিলীপ কুমার চাকমা এখবর জানিয়েছেন। তিনি জানান, আপদা মিত্র ও সিভিল ডিফেন্স বাহিনীকে প্রয়োজনীয় প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

**********************

**JC Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত যোগেশ চক্রবর্তী স্মৃতি ক্রিকেট প্রতিযোগিতায় শতদল সংঘ জয়লাভ করেছে। নরসিংগড়ের পিটিএ মাঠে অনুষ্ঠিত তিনদিনের খেলায় শতদল সংঘ ইনিংস ও ৮৪ রানে ইউনাইটেড ফ্রেন্ডসকে পরাজিত করে।

**********************

**Football :**

ত্রিপুরা ফুটবল এসোসিয়েশন পরিচালিত ঘরোয়া তৃতীয় ডিভিশন লিগ ফুটবল প্রতিযোগিতার গতকালের খেলায় বিবেকানন্দ ক্লাব জয়লাভ করেছে। উমাকান্ত মিনি স্টেডিয়ামে বিকালে অনুষ্ঠিত খেলায় বিবেকানন্দ ক্লাব ৭-০ গোলে উমাকান্ত কোচিং সেন্টারকে পরাজিত করে।

**********************

**Weather:**

আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয় আকাশ সাধারণত মেঘলা থাকবে। বজ্র-বিদ্যুৎসহ হালকা থেকে মাঝারি ধরনের বৃষ্টি পাতের সম্ভাবনা রয়েছে।  দিনের সর্বোচ্চ তাপমাত্রা থাকবে ৩৪ ডিগ্রির কাছাকাছি। আগরতলায় আজ ভোরে সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৬ ডিগ্রি সেলসিয়াস।

এদিকে, গতকাল কেরালা দিয়ে দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু প্রবাহ অর্থাৎ বর্ষার প্রবেশ হয়েছে।

**********************